গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমিতি ব্যবস্থাপনা অনুবিভাগ
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০২৭.২৯.০০৮/১৩ ব্যাংক, বীমা..২২৬৭ তারিখঃ১৭/০৪/২০১৩ খ্রিঃ।

# পরিপত্র

সমবায় সমিতি আইন ও বিধিমালার অপব্যবহার করে এবং কোনো কোনো ক্ষেত্রে অপব্যাখ্যা করে অনেক সমবায় সমিতি অধিক হারে মুনাফা প্রদানের প্রলোভন দেখিয়ে অসদস্যদের নিকট হতে আমানত সংগ্রহপূর্বক বিভিন্ন অনুৎপাদনশীল খাতসহ সহজে নগদায়ন অযোগ্য স্থায়ী সম্পদ ক্রয়ে বিনিয়োগ করছে। ফলে সংশ্লিষ্ট সমবায় সমিতিগুলোর আর্থিক ঝুঁকি ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষাপটে সমবায় সমিতির কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং বিনিয়োগ ঝুঁকি হ্রাসপূর্বক আর্থিক শৃংখলা নিশ্চিত করার মাধ্যমে সমবায় সমিতিগুলো যাতে অভীষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সক্ষম হয় সে জন্য সমবায় সমিতি (সংশোধন) আইন, ২০১৩ জারি করে সদস্য নয় এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে সঞ্চয় ও আমানত গ্রহণের উপর সুস্পষ্টভাবে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

২। এ পরিপ্রেক্ষিতে সঞ্চয় ও আমানত গ্রহণ এবং ঋণদান কাজে নিয়োজিত বহুমুখী (মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি)/ ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি/ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতিগুলোকে সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে পরিচালনার জন্য পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে নিম্নোক্ত সাধারণ নির্দেশাবলী অনুসরণীয় হবেঃ

(১) সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৬৪, ৬৫ ও ৬৬ বিধির শর্ত অনুযায়ী বার্ষিক সাধারণ সভার অনুমোদন এবং সর্বোচ্চ পরিমাণ নির্ধারন ব্যতিরেকে কোনো সমবায় সমিতি সদস্যদের নিকট হতে আমানত ও ঋণ গ্রহণ করতে পারবে না;

(২) কোন সমবায় সমিতির সদস্যগণের জমাকৃত আমানতের উপর বার্ষিক সর্বোচ্চ ১৮% হারে মুনাফা প্রদান করা যাবে। তবে ৬ (ছয়) মাসের কম সময়ের জন্য জমাকৃত আমানতের উপর কোন মুনাফা প্রদান করা যাবে না;

(৩) কোন সমবায় সমিতির সদস্যদের নিকট হতে গৃহীত সঞ্চয় ও আমানতের টাকা কোন তফসিলী ব্যাংক বা বাংলাদেশ সমবায় ব্যাংকে জমা রাখতে হবে এবং জমাকৃত মোট আমানতের সর্বোচ্চ ৮০% পর্যন্ত ঋণ প্রদান/বিনিয়োগ কাজে ব্যবহার করা যাবে। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৬৭ বিধির শর্ত অনুযায়ী অবশিষ্ট ২০% আমানত তারল্য হিসাবে ব্যাংকে জমা রাখতে হবে। সর্বনিম্ন তারল্য সংরক্ষণ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য ৫৮ বিধি অনুযায়ী আমানত গ্রহণ ও ঋণ বিতরণ সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণীসহ ব্যাংক স্টেটমেন্টের কপি ৩ (তিন) মাস পর পর পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করতে হবে;

(৪) কোন সমবায় সমিতির কোনো সদস্যকে তার জমাকৃত শেয়ারের সর্বোচ্চ ৪০ গুণ পর্যন্ত ঋণ প্রদান করতে পারবে এবং প্রদেয় ঋণ বা বিনিয়োগের উপর বার্ষিক সর্বোচ্চ ৩০% হারে সার্ভিস চার্জ আরোপ করা যাবে। তবে এক্ষেত্রে সরকারি বা বেসরকারি উৎস অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ঋণ বা অনুদান বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নকারী সংস্থার শর্ত অনুযায়ী সার্ভিস চার্জের সর্বোচ্চ হার নির্ধারিত হবে;

(৫) শেয়ার, সঞ্চয় ও আমানত সংগ্রহ কাজের জন্য কোন এজেন্সি নিয়োগ করা যাবে না বা এ কাজের জন্য সমিতির কোনো সদস্য বা কর্মচারিকে কোন ইনসেনটিভ, কমিশন বা ফি প্রদান করা যাবে না;

(৬) বিনিয়োগের উপর ধার্যকৃত সার্ভিস চার্জ আদায় না হওয়া পর্যন্ত মূলধন বা আমানতের আসল টাকার অবক্ষয় ঘটিয়ে সঞ্চয় ও আমানতের উপর ধার্যকৃত মুনাফা বিতরণ করা যাবে না;

(৭) কোনো সমবায় সমিতি এর সদস্যদের নিকট হতে সংগৃহীত সঞ্চয় ও আমানতের টাকা দিয়ে জমি ক্রয় বা অন্য কোন স্থায়ী সম্পদ ক্রয় করতে করতে পারবে না। পরিশোধিত শেয়ার সংরক্ষিত তহবিল ও মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিলের সমন্বয়ে গঠিত নিজস্ব মূলধনের সর্বোচ্চ ২০% টাকা জমি ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে। তবে কোনো সমিতি ইহার সদস্যদের আবাসন প্রকল্প বাস্তবায়নের জন্য আমানত গ্রহণ করতে চাইলে কিংবা জমি/প্লট ক্রয়-বিক্রয়ের ব্যবসায় নিয়োজিত সমিতির ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হবে না;

(৮) প্রত্যেক সমবায় সমিতিকে সমবায় বর্ষ শেষ হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে নির্ধারিত ফরমে নগদ প্রবাহ বিবরণী, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতি বন্টন হিসাব, রেওয়ামিল, উদ্বৃত্ত পত্র এবং শেয়ার, সঞ্চয়, আমানত গ্রহণ ও ঋণ বিতরণের ডিটেইল লিস্ট জেলা সমবায় অফিসারের নিকট দাখিল করতে হবে;

উপরোক্ত নির্দেশাবলী পালনের বিষয়টি সমবায় অধিদপ্তর কর্তৃক নিয়মিত পরিবীক্ষণ করা হবে। এক্ষেত্রে কোনো বিচ্যুতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

প্রস্তাবিত সমবায় বিধিমালা, ২০১৩ জারির পূর্ব পর্যন্ত এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে এই পরিপত্র কার্যকর থাকবে।

(মো. হুমায়ুন খালিদ)
নিবন্ধক
ফোন-৯১৪১১৩১

স্মারক নং-৪৭.৬১.০০০০.০২৭.২৯.০০৮/১৩ ব্যাংক, বীমা. তারিখঃ১৭/০৪/২০১৩ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণঃ

১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব (প্রশাসন অধিশাখা-৩)]
২। অতিরিক্ত-নিবন্ধক (প্রশাসন/নিরীক্ষা ও আইন/ইপিপি/সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লা।
৪। যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক........................................................সমবায় অধিদপ্তর, ঢাকা।
৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা /চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
৬। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, ফেনী/মৌলভীবাজার/মুক্তাগাছা/ফরিদপুর/রংপুর/নওগাঁ/কুষ্টিয়া/খুলনা/বরিশাল/নরসিংদী।
৭। জেলা সমবায় অফিসার,.......................................... **তাঁর জেলাধীন সংশ্লিষ্ট সকল সমবায় সমিতিকে পরিপত্রের অনুলিপি প্রেরণ করতে অনুরোধ করা হ'ল।**
৮। উপজেলা / মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা (সকল) .......................................................................।
৯। ....................................................................................... সমবায় সমিতি লিঃ.......................................।
১০। অফিস কপি

(মোঃ আবু তাহের চৌধুরী)
যুগ্ম-নিবন্ধক
ফোন- ৮১২৭৮০৫ (অফিস)